

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়ঃ বার্ষিক প্রতিবেদন- ২০১৬-২০১৭।

01. সংক্ষিপ্ত পরিচিতিঃ

- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ; ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালের তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানীর মেসার্স সিমেন্স এঞ্জি-এর যৌথ উদ্যোগে এই প্রতিষ্ঠানটি খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিক ভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।
- বর্তমান মোবাইল ইন্টারনেট ও তথ্য প্রযুক্তির যুগে বিশ্বের সাথে সমন্বয় রেখে এবং অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর ক্রমবর্ধমান ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে অত্র প্রতিষ্ঠানে একটি অত্যাধুনিক প্রযুক্তির অপটিক্যাল ফাইবার ক্যাবল ম্যানুফ্যাকচারিং প্লান্ট স্থাপন করা হয় যা বিগত জুলাই-২০১১ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করেছে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল সংযোগ স্থাপনে প্রয়োজনীয় HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে ২০১৫-২০১৬ অর্থ-বছরে HDPE Silicon Duct তৈরীর প্লান্ট স্থাপন করা হয় যা বিগত সেপ্টেম্বর'১৬ হতে পূর্ণ মাত্রায় পরিচালিত হচ্ছে।
- উৎপাদন বহুমুখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ও ভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্লান্ট স্থাপন সংক্রান্ত কারখানা ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। প্রকল্পের প্রয়োজনীয় মেশিনারীজ, আনুসঙ্গিক মালামাল ও সেবা ক্রয়ে আন্তর্জাতিক দরপত্র মূল্যায়নের কাজ শেষ পর্যায় আয়ে আছে ২০১৮ সালের জুনের মধ্যে প্লান্ট চালু হবে বলে আশা করা যাচ্ছে।
- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা-এর প্রধান ফটকঃ



১.১ প্রতিষ্ঠানের ধরণঃ	পাবলিক লিমিটেড কোম্পানী।
১.২ ভিত্তিপ্রস্তর স্থাপনঃ	৮ মে, ১৯৬৭ খ্রিঃ।
১.৩ পরীক্ষামূলক উৎপাদনঃ	১৯৭০ খ্রিঃ।
১.৪ বাণিজ্যিক উৎপাদনঃ	১০ ফেব্রুয়ারি, ১৯৭২ খ্রিঃ।

১.৫ বার্ষিক উৎপাদন ক্ষমতা:

টেলিফোন কপার ক্যাবলঃ

স্থাপিত ক্ষমতাঃ ১.২৫ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।
বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ১.০ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।

অপটিক্যাল ফাইবার ক্যাবলঃ

স্থাপিত ক্ষমতাঃ ৪,০০,০০০ ফাইবার কিলোমিটার।
বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ৩,৭৫,০০০ ফাইবার কিলোমিটার।

এইডিপিই সিলিকন ডাক্টঃ

স্থাপিত ক্ষমতা- ১,৪৫০ কিলোমিটার।
অর্জনযোগ্য ক্ষমতাঃ ১,২০০ কিলোমিটার।

১.৬ বাকেশির উৎপাদিত পণ্যসমূহঃ

টেলিফোন কপার ক্যাবলঃ

২ হতে ২৪০০ জোড়া পর্যন্ত ব্র/আর্মার্ড ও ননআর্মার্ড ক্যাবল, এরিয়াল ক্যাবল, ইনস্টলেশন ক্যাবল, সাবমেরিন ক্যাবল, জাম্পার ওয়্যার, টি.আই.পি ক্যাবল, ড্রপ ওয়্যার ইত্যাদি।

অপটিক্যাল ফাইবার ক্যাবলঃ

২ হতে ১২ ফাইবার ইউনিটিউব আর্মার্ড ও ননআর্মার্ড ক্যাবল।
১২ হতে ২১৬ ফাইবার স্ট্র্যান্ডেড লুজটিউব আর্মার্ড ও ননআর্মার্ড ক্যাবল।

এইডিপিই সিলিকন ডাক্টঃ

৩২/২৬ মিমি, ৩৪/২৮ মিমি, ৪০/৩৩ মিমি, ৫০/৪২ মিমি ও ৬৩/৫২ মিমি ব্যাসের ডাক্ট।

১.৭ শেয়ার ব্যবস্থাঃ

(ক) অনুমোদিত মূলধন ২০০০০ লক্ষ টাকা।

(খ) ইস্যুকৃত মূলধন ৮০২.৬৪ লক্ষ টাকা।

(গ) মোট শেয়ার সংখ্যা ২০,০০,০০,০০০

(সাধারণ - ২০,০০,০০,০০০ + অগ্রাধিকার - ০)

(ঘ) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,২৬,৪৩৩

(সাধারণ-৮০,২৬,৪৩৩ + অগ্রাধিকার-০)

(ঙ) প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা।

০২. বাকেশি ভিশন ও মিশনঃ

ভিশন- ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান গড়ে তোলা।

মিশন- অপটিক্যাল ফাইবার ক্যাবল প্লান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধিকরণসহ ক্যাবল লেইং-এর কাজে অপরিহার্য এইচডিপিই সিলিকন ডাক্ট তৈরী করে ক্রেতাকে যথাসময়ে সরবরাহ করণ এবং আমদানি নির্ভরতা কমিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা।

এছাড়াও, দেশে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে বাকেশিতে বৈদ্যুতিক ও ভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল এবং বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরী প্ল্যান্ট স্থাপন করা এবং বেকারত্ব দূরীকরণে সহায়তা করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

০৩. বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদিঃ

- বর্তমান সরকারের রূপকল্প ২০২১ (Vision-2021) বাস্তবায়নে বর্তমান বিশ্বের তথ্য-প্রযুক্তির অভূতপূর্ব উন্নয়নের সাথে সমন্বয় সাধন করে দেশীয় টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির সম্প্রসারণের গুরুত্ব অপরিহার্য থাকায় বাংলাদেশ ক্যাবল শিল্প (বাকেশি) লিমিটেড স্বাধীনতার পর থেকে দেশের টেলিযোগাযোগ অবকাঠামো স্থাপনে যাবতীয় টেলিফোন কপার ক্যাবলের চাহিদা ১০০% পূরণের পাশাপাশি বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় দ্রুতগতি ও উচ্চক্ষমতা সম্পন্ন ইনফরমেশন সুপার হাইওয়ের মূল মাধ্যম “অপটিক্যাল ফাইবার ক্যাবল” বাণিজ্যিকভাবে জুলাই’১১ থেকে উৎপাদন করে আসছে। ইতোমধ্যে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দেশীয় অবকাঠামো উন্নয়নে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে।

- বিটিসিএল-এর ১০০০ ইউনিয়ন ও উপজেলা পর্যায় অপরিক্যাল ফাইবার নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের ব্যাপক চাহিদা পূরণে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে ইতোমধ্যে ২টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে। আরও ১টি নতুন মেশিন সংযোজনের জন্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- দ্রুতগতির এবং উচ্চক্ষমতাসম্পন্ন এই অপরিক্যাল ফাইবার ক্যাবল দিয়ে Internet-এর মাধ্যমে সরকারের নির্বাচনী প্রতিশ্রুত তথ্য-সেবা যথা e-governance, e-education, e-commerce, e-health, e-agriculture, e-media ইত্যাদি জনগণের দোরগোড়ায় পৌঁছানোসহ প্রত্যন্ত অঞ্চল থেকে বহিঃবিশ্বের সঙ্গে যোগাযোগ অবাধ, সহজ ও দ্রুত হচ্ছে।
- অপরিক্যাল ফাইবার ক্যাবল লেইং-এর জন্য অপরিসীম এইচডিপিই সিলিকন ডাক্ট ২০১৬-১৭ অর্থ বছরে বাকেশির নতুন উৎপাদিত পণ্য। ব্যাপক চাহিদার ভিত্তিতে প্ল্যান্টটি পুরোদমে চালু রয়েছে। প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে অচীরেই আরও ১টি নতুন মেশিন সংযোজন করা হবে।
- অপরিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট বাকেশির সক্ষমতা ও ক্রেতার চাহিদা অনুযায়ী সম্তোজনকভাবে সরবরাহ হওয়ায় আর্থিক ও ব্যবসায়িক দিক দিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ঘটেছে।

০৪. বাকেশির মিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রমঃ

- ২০১৬-১৭ অর্থ বছরের জন্য বাকেশিতে টেলিফোন কপার ক্যাবল অপরিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্টের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় যথাক্রমে ৪২,০০০ কন্ডাক্টর কিলোমিটার, ৩,৬৬,০০০ ফাইবার কিলোমিটার ও ৬০০ কিলোমিটার যার বিপরীতে উৎপাদন হয়েছে যথাক্রমে ৪৩,৭৯৭.৯১০ কন্ডাক্টর কিলোমিটার, ৩,৬৬,২৬৩.১০৬ ফাইবার কিলোমিটার ও ৬০৬.৫৬৩ কিলোমিটার অর্থ ১৭ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।
- বিটিসিএল-এর অগ্রাধিকার ভিত্তিক "১০০০টি ইউনিয়ন পরিষদে অপরিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প" এর মোট ৯,৫৯২ কিঃমিঃ ক্যাবলের (মূল্য ভ্যাটসহ প্রায় ১২০.১১ কোটি টাকা) চাহিদার শতভাগ সরবরাহ করা হয়েছে।
- বিটিসিএল-এর অপর গুরুত্বপূর্ণ "উপজেলা পর্যায় অপরিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্প থেকে মোট ২,৪৫১ কিঃমিঃ (মূল্য ভ্যাটসহ প্রায় ৫৯.২৭ কোটি টাকা) অপরিক্যাল ফাইবার ক্যাবলের ক্রয়াদেশ পাওয়া যায় যার অধিকাংশ সরবরাহ করা হয়েছে। অবশিষ্ট ক্যাবল-এর উৎপাদন কার্যক্রম অব্যাহত আছে এবং যথাসময়ে তা সরবরাহ করা হবে। এই প্রকল্প থেকে আরও ক্রয়াদেশ পাওয়ার সম্ভাবনা রয়েছে।
- বিটিসিএল-এর অধীন মেট্রোরেল প্রকল্প থেকে প্রাপ্ত ১২,৮৪৬ কন্ডাক্টর কিলোমিটার কপার ক্যাবলের ক্রয়াদেশ অনুযায়ী অধিকাংশ ক্যাবল সরবরাহ করা হয়েছে। এই প্রকল্প থেকে আরও বেশ কিছু ক্যাবলের ক্রয়াদেশ পাওয়ার সম্ভাবনা রয়েছে এবং সে লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত আছে।
- বিটিসিএল এর "১০০০টি ইউনিয়ন পরিষদে অপরিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প" ও "উপজেলা পর্যায় অপরিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্প থেকে ইতোমধ্যে ৪০/৩৩ মিঃমিঃ সাইজের ১,০১০ কিলোমিটার এইচডিপিই সিলিকন কোর ডাক্ট এর ক্রয়াদেশ পাওয়া গেছে যার বিক্রয় মূল্য ৮.০৮ কোটি টাকা (ভ্যাট সহ)। ইতোমধ্যে প্রায় ৬০০ কিলোমিটার ডাক্ট সরবরাহ করা হয়েছে।
- দেশের বিদ্যমান চাহিদার সাথে সমন্বয় রেখে অপরিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য প্রায় ২.০ কোটি টাকা ব্যয়ে ১(এক)টি নতুন সেকেন্ডারি কোটিং লাইন স্থাপন করা হয়েছে।
- অপরিক্যাল ফাইবার ক্যাবল সংযোগ স্থাপনে প্রয়োজনীয় HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে HDPE Silicon Duct তৈরীর প্ল্যান্ট স্থাপন করা হয়েছে।
- OFC প্ল্যান্টের উৎপাদন বৃদ্ধিসহ নিরবিচ্ছিন্নভাবে পরিচালনার স্বার্থে প্রায় ২.০ কোটি টাকা ব্যয়ে আরও একটি নতুন এস-জেড স্ট্যান্ডিং লাইন মেশিন সংযোজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যার চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে।
- ২০১৫-১৬ অর্থ-বছরে প্রতিষ্ঠানের উৎপাদন বহুমুখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর অনুমোদিত প্রকল্পের কারখানা ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। প্রকল্পের প্রয়োজনীয় মেশিনারীজ, আনুষঙ্গিক মালামাল ও সেবা ক্রয়ে আন্তর্জাতিক দরপত্র মূল্যায়নের কাজ শেষ পর্যায় আছে এবং ২০১৮ সালের প্রথমার্ধে প্ল্যান্ট চালু হবে বলে আশা করা যাচ্ছে।
- HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদা বিবেচনায় প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রায় ১.৫০ কোটি টাকা ব্যয়ে আরও ১(এক)টি নতুন মেশিন সংযোজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট-এর বাজারজাতকরণ আরও গতিশীল করতে দেশীয় ব্যবহারকারীদের সাথে সার্বক্ষণিকযোগাযোগ অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় বিটিসিএল, পিজিসিবি, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও বেসরকারী প্রতিষ্ঠান মেসার্স সামিট কমুনিকেশন ফাইবার এট হোম লিঃ, ব্রাদার্স কনস্ট্রাকশন, হামিদা ট্রেডার্স, গ্রামীণফোন, সিটিসেল, কমনওয়েলথ এসোসিয়েটস, বিএসআরএম, ওয়েব লিংক কমুনিকেশন, আমরা নেটওয়ার্ক, সিলেট কেবল সিস্টেম, আইএসএন লিঃ, মেসার্স এআরএ টেকনোলজিস্ ফোন্স বিডি লিমিটেড, মেসার্স রাসা ট্রেডার্স আই-অটোমেশন, মেসার্স খুলনা ভিশন ও অন্যান্য আই.এস.পি-র চাহিদার ভিত্তিতে ক্যাবল সরবরাহ করা হচ্ছে।

০৫. সাম্প্রতিক বছরগুলোতে আয়-ব্যয়ের হিসাব (কোটি টাকায়):

ক্রমিক নং	অর্থ বৎসর	মোট আয়	মোট ব্যয়	নীট লাভ (কর বাদে)
১	২০১৪-১৫	৬৪.৪৫	৫১.৮৬	১২.৫৯
২	২০১৫-১৬	১০৪.১২	৭৮.৭৪	২৫.৩৮
৩	২০১৬-২০১৭	১৩০.৩২	১০০.৪৯	২৯.৮৩

০৬. প্রতিষ্ঠানের জনবল কাঠামোঃ

ক্রমিক নং	পদ	অনুমোদিত পদ	কর্ম রত	শূণ্য পদ
১	কর্ম কর্ত	৬৯	৩০	৩৯
২	শ্রমিক/কর্মচারী	৩৫২ (আউটসোর্সিং ডিএল-৬৬ জন সহ)	২৫২	১০০
৩	মোট	৪২১	২৮২	১৩৯

০৭. নতুন কর্ম সংস্থান সৃষ্টিঃ

- বিগত ১৮-১২-২০১৬ খ্রিঃ তারিখে আউটসোর্সিং এর মাধ্যমে বাকেশির বিভিন্ন শাখায় ২৪ (চব্বিশ) জন জনবল নিয়োগ প্রদানপূর্ব কউৎপাদনের গতিধারা বজায় রাখা হয় যা বেকারত্ব নিরসনে সরকারের সাফল্য হিসেবে প্রতীয়মান।

০৮. সরকারী কোষাগারে রাজস্ব প্রদানঃ

- ২০১৬-১৭ অর্থ বছরে সরকারী কোষাগারে শুল্ক, ভ্যাট, আয়কর ইত্যাদি খাতে সর্ব মোট প্রায় ৩৯.৮৫ কোটি টাকা জমা দেওয়া হয়েছে।

০৯. উৎপাদন বহুমুখীকরণঃ

০৯.১ অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন প্ল্যান্টঃ

- ২০১০ সালে প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীর প্ল্যান্ট স্থাপনের পর এর উৎপাদিত ক্যাবলের মাধ্যমে দেশীয় সরকারী-বেসরকারী টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। একই সাথে বাকেশির আর্থিক ও ব্যবসায়িক ক্ষেত্রেও উল্লেখযোগ্য উন্নয়ন ঘটেছে।
- চাহিদার সাথে সমন্বয় করে এই প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি ও নিরবিচ্ছিন্ন পরিচালনার সুবিধার্থে ইতোমধ্যে ১টি সিথিং লাইন মেশিন ও ১টি সেকেন্ডারী কোটিং লাইন মেশিন সংযোজন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে আরও ১টি নতুন এস-জেড স্ট্র্যান্ডিং লাইন মেশিন সংযোজনের চুক্তি স্বাক্ষরিত হয়েছে যা আগামী ডিসেম্বর ২০১৭ মাসে চালু হবে বলে আশা করা যায়।

০৯.২ HDPE Silicon Core Duct উৎপাদন প্ল্যান্টঃ

- দেশীয় সরকারি-বেসরকারি প্রকল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর সমপরিমাণ HDPE Silicon Duct এর চাহিদা রয়েছে। এই চাহিদা বিবেচনা করে বাকেশিতে অত্যাধুনিক HDPE Silicon Duct উৎপাদন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যা বিগত সেপ্টেম্বর ১৬ হতে বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে।
- HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদা বিবেচনায় HDPE Silicon Duct তৈরীর প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ বছরে প্রায় ১.৫০ কোটি টাকা ব্যয়ে আরও ১(এক)টি নতুন মেশিন সংযোজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- উৎপাদিত Duct দিয়ে বিটিসিএল সহ অন্যান্য প্রতিষ্ঠানের অধিকাংশ চাহিদা পূরণে অবদান রাখা সম্ভব হবে। এতে বিদেশ হতে আমদানী নির্ভরতা কিছুটা হলেও কমবে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

০৯.৩ বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার উৎপাদন প্ল্যান্টঃ

- ২০১৫-১৬ অর্থ-বছরে প্রতিষ্ঠানের উৎপাদন বহুমুখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের উদ্যোগ বাকেশি পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ২০১৬-১৭ অর্থ-বছরে প্রকল্পটি বাস্তবায়নের জন্য কারখানা ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। প্রকল্পের প্রয়োজনীয় মেশিনারীজ, আনুসঙ্গিক মালামাল ও সেবা ক্রয়ে আন্তর্জাতিক দরপত্র মূল্যায়নের কাজ শেষ পর্যায় আবে এবং ২০১৮ সালের প্রথমার্ধে প্ল্যান্ট চালু হবে বলে আশা করা যাচ্ছে।
- প্রকল্পটি বাস্তবায়ন হলে দেশের বৈদ্যুতিক সেক্টরের অবকাঠামো উন্নয়নে অবদান রেখে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের মাধ্যমে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে অবদান রাখতে পারবে।

১০. ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

বর্তমান সরকারের প্রতিশ্রুতি মোতাবেক উপরোক্ত যুগান্তকারী পদক্ষেপের পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনের সহায়ক হিসেবে কাজ করা ও প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় রাখতে নিম্নলিখিত কর্মপরিকল্পনা হাতে নেয়া হয়েছেঃ

- FTTH এর জন্য ড্রপ ফাইবার ক্যাবল তৈরীর প্ল্যান্ট স্থাপনসহ Pigtail ও Patch Cord তৈরীর জন্য প্রয়োজনীয় মেশিনারীজ ও যন্ত্রপাতি স্থাপন।
- ইন্টারনেট ও ল্যান নেটওয়ার্ক-এ ব্যবহৃত ল্যান ক্যাবল তৈরীর ব্যবস্থা গ্রহণ।
- বিদ্যুৎ সেক্টর ও বিভিন্ন যন্ত্রপাতিতে বহুল ব্যবহৃত সুপার এনামেলড কপার ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ।

১১. বাকেশির কার্যক্রমের উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদনঃ

- ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভাকক্ষে মাননীয় প্রতিমন্ত্রী বেগম তারানা হালিম-এর উপস্থিতিতে অত্র বিভাগের সচিব ও বাকেশি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার এবং বাকেশির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম-এর মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement- APA) স্বাক্ষরিত হয়ঃ



- ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী বেগম তারানা হালিম এমপি বাকেশির কারখানার পরিদর্শন ও কর্মকর্তা-কর্মচারীগণের সাথে মত বিনিময় করেন এবং সার্বিক কর্ম কান্ডে সন্তোষ প্রকাশ করেনঃ



১২. প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যঃ

- বর্তমান সরকার-এর সময়কালে প্রতিষ্ঠানের অবকাঠামোগত উল্লেখযোগ্য উন্নয়নসহ কারখানার অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহ সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।
- অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্প্রসারণে দেশীয় পণ্য HDPE Silicon Duct সরবরাহের সূচনা তৈরী হয়েছে এবং ভবিষ্যতে চাহিদার সাথে সমন্বয় রেখে সরবরাহ বৃদ্ধি করা হবে।
- ২০১৫-১৬ অর্থ-বছরে অনুমোদিত বৈদ্যুতিক ও ভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার'ইনসুলেটেড ওয়ার তৈরীর প্ল্যান্ট স্থাপন প্রকল্পটি বাকেশির জন্য একটি মাইলফলক। এই প্রকল্পটি ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব সুনিশ্চিত করবে এবং জাতীয় অবদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হবে।
- ২০১৭-১৮ অর্থ-বছরে চলমান প্রকল্পের কাজসহ ভবিষ্যত কর্ম পরিকল্পনার কার্যক্রম সম্পাদিত হলে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় হবে এবং টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির নেটওয়ার্ক সম্প্রসারণে উল্লেখযোগ্য অবদান রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখা সম্ভব হবে।

(মোঃ সিরাজুল ইসলাম)

ব্যবস্থাপনা পরিচালক।